## সংস্থার নামঃ বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)

**বিষয়ঃ ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার ডাটাবেজ।**

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
|---|---|---|---|---|---|---|
| **অর্থবছরঃ ২০২২-২৩** | | | | | | |
| **ক্রমিক নং** | **ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা/আইডিয়ার নাম** | **সেবা/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ** | **সেবা/আইডিয়াটি কার্যকর আছে কি-না/ না থাকলে কারণ** | **সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি-না** | **সেবার লিংক** | **মন্তব্য** |
| ০১. | পেট্রোবাংলার অবসরপ্রাপ্ত কর্মকর্তা ও কর্মচারীদের মাসিক অবসরভাতা আবেদন প্রক্রিয়া ডিজিটাইজেশন। | পেট্রোবাংলার অবসরগ্রহণকারী কর্মকর্তা/কর্মচারীগণ পেনশন ভাতার জন্য যে কোন অবস্থান থেকে অনলাইন প্রদ্ধতিতে আবেদন করতে পারবেন। অনলাইনে করা আবেদন তাৎক্ষনিকভাবে সরাসরি পেট্রোবাংলার হিসাব বিভাগে পৌঁছে যাবে। এছাড়া, ঢাকায় অবস্থিত পেট্রোবাংলার প্রধান কার্যালয়ে আসার প্রয়োজন হবে না বিধায় যাতায়াত ও অবস্থান খরচ এবং সময় সাশ্রয় হচ্ছে। | হ্যাঁ | হ্যাঁ | https://forms.gle/jfrTUmCWJsbyXFhU9 | - |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
|---|---|---|---|---|---|---|
| **অর্থবছরঃ ২০২১-২২** | | | | | | |
| **ক্রমিক নং** | **ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা/আইডিয়ার নাম** | **সেবা/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ** | **সেবা/আইডিয়াটি কার্যকর আছে কি-না/ না থাকলে কারণ** | **সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি-না** | **সেবার লিংক** | **মন্তব্য** |
| ০১. | পেট্রোসেন্টার ভবনে Digital Timer Switching | পেট্রোসেন্টার ভবনের বিভিন্ন স্থানে বিশেষত ওয়াশরুম এবং করিডোরে একাধিক লাইট সকাল থেকে সন্ধ্যা পরবর্তী সময় পর্যন্ত জ্বালানো থাকে। যার ফলে বিদ্যুৎ অপচয় হয় এবং এর দরুন প্রতিমাসে বৈদ্যুতিক বিলের পরিমাণ বৃদ্ধি পাচ্ছে যা অনভিপ্রেত। বিদ্যুৎ ব্যবহার সাশ্রয়/অপচয় রোধে | হ্যাঁ | হ্যাঁ | প্রযোজ্য নয় | - |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | system স্থাপন করত: বিদ্যুতের ব্যবহার সাশ্রয়ী করণ। | পেট্রোসেন্টার ভবনে Digital Timer Switching system স্থাপন করা প্রয়োজন। এই সিস্টেমের মাধ্যমে লাইট, ফ্যান, এসি, কম্পিউটারসহ সব ধরণের Equipment ব্যবহারের সময়সীমা নিয়ন্ত্রণ করা সম্ভব হবে। এক্ষেত্রে, বিদ্যুৎ ব্যবহারে অপচয় রোধ এবং শর্টসার্কিটজনিত দুর্ঘটনা সহজেই এড়ানো সম্ভব হবে মর্মে প্রতীয়মান। আলোচ্য ধারণাটি ইতোমধ্যে পেট্রোসেন্টার ভবনের ৮তম তলার আইটি ডিপার্টমেন্ট-এর পাশে অবস্থিত ওয়াসরুমে Digital Timer Switching system স্থাপনপূর্বক পাইলটিং করা হয়েছে। উক্ত সিস্টেমে বিকাল ৩:৩০ এর পর ওয়াসরুমের ভিতরে দরজার সামনের ১টি লাইট ব্যতীত সকল লাইট, এক্সজস্ট ফ্যান ইত্যাদি অটোমেটিক বন্ধ হয়ে যায়। উল্লেখ্য যে, বর্ণিত লাইট/ফ্যানগুলো প্রয়োজন অনুসারে ম্যানুয়ালি চালু করার সুযোগ রয়েছে এবং নির্ধারিত সময় পরে পুনরায় অটোমেটিক বন্ধ হয়ে যাবে। | | | | |
| ০২. | পেট্রোবাংলার বিভিন্ন ধরণের আবেদন পত্র/ফরম ইত্যাদি Editable পিডিএফ ফরম্যাটে রূপান্তর করে পেট্রোবাংলার ওয়েবসাইটে প্রকাশ। | পেট্রোবাংলার কর্মকর্তা ও কর্মচারিগণের দাপ্তরিক এবং প্রশাসনিক বিভিন্ন কার্যক্রম সম্পাদনের নিমিত্ত দৈনিক নানাবিধ (প্রায় ১৮টি) আবেদন পত্র/ফরম ইত্যাদি ব্যবহার করতে হয়। বর্ণিত আবেদন পত্র/ফরমগুলো বিভিন্ন বিভাগ/ডিপার্টমেন্ট সংশ্লিষ্ট বিধায় প্রয়োজন অনুসারে আলোচ্য ফরম সংগ্রহ করতে একাধিক ভিজিটের প্রয়োজনীয়তা দেখা দেয়। এতে অহেতুক সময়ের অপচয় হয়।<br><br>বর্ণিত প্রেক্ষাপটে আলোচ্য সেবাটি সহজিকরণের লক্ষ্যে পেট্রোবাংলার বিভিন্ন ধরণের আবেদন পত্র/ফরম ইত্যাদি Editable পিডিএফ ফরম্যাটে রূপান্তর করে পেট্রোবাংলার ওয়েবসাইটে প্রকাশিত রয়েছে। | হ্যাঁ | হ্যাঁ | petrobangla.org.bd/site/view/forms/বিভিন্ন-ধরণের-Editable-ফরম | - |
| ০৩. | পেট্রোবাংলার মনোহরী/ স্টেশনারী সামগ্রির অধিযাচন (Requisition) পদ্ধতিটি ডিজিটালাইজকরণ। | পেট্রোবাংলার বিভিন্ন ধরণের মনোহরী/স্টেশনারী সামগ্রির চাহিদাপত্র “স্থানীয় দ্রব্যাদির অধিযাচন (Requisition) বই”-এর মাধ্যমে হাতে লিখে সংশ্লিষ্ট বিভাগ/ডিপার্টমেন্ট প্রধানের স্বাক্ষর পরবর্তী স্ব-শরীরে সংস্থার সেবা বিভাগের ভান্ডার শাখায় জমা দিতে হয়, বিধায় ভিজিটের প্রয়োজন পড়ে। তাছাড়া, সংস্থার ভান্ডার শাখায় কোন কোন দ্রব্যাদি মজুদ রয়েছে, উহার কোন তালিকা না জানার কারণে অহেতুক বিড়ম্বনায় পড়তে হয়। সেই | হ্যাঁ | হ্যাঁ | 192.168.11.251:3000 | লোকাল নেটওয়ার্ক থেকে এ্যাকসেসযোগ্য |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | পরিপ্রেক্ষিতে "স্থানীয় দ্রব্যাদির অধিযাচন (Requisition) বই" এর পরিবর্তে ডিজিটাল Requisition সিস্টেম প্রবর্তন করা হয়। | | | | |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
|---|---|---|---|---|---|---|
| **অর্থবছরঃ ২০২০-২১** | | | | | | |
| **ক্রমিক নং** | **ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা/আইডিয়ার নাম** | **সেবা/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ** | **সেবা/আইডিয়াটি কার্যকর আছে কি-না/ না থাকলে কারণ** | **সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি-না** | **সেবার লিংক** | **মন্তব্য** |
| ০১. | পেট্রোবাংলার কর্মকর্তা এবং কর্মচারির বেতনের পে-স্লিপ ইমেইলে প্রেরণ। | পেট্রোবাংলার কর্মকর্তা এবং কর্মচারির মাসিক বেতনের পে-স্লিপ স্ব স্ব কর্মকর্তা এবং কর্মচারির ইমেইলে প্রেরণ করা হয়। | হ্যাঁ | হ্যাঁ | প্রযোজ্য নয় | - |
| ০২. | পেট্রোবাংলার বনানী হাউজিং কমপ্লেক্স-এ বসবাসরত কর্মকর্তা/ কর্মচারিগণ কর্তৃক ফ্ল্যাটের রক্ষণাবেক্ষণ কাজের আবেদন অনলাইনে দাখিল। | বনানী হাউজিং কমপ্লেক্স-এ বসবাসরত কর্মকর্তা/ কর্মচারিগণ ওয়েব লিংক এর মাধ্যমে স্ব স্ব ফ্ল্যাটের বিভিন্ন রক্ষণাবেক্ষণ কাজের আবেদন অনলাইনে দাখিল করা যায়। | হ্যাঁ | হ্যাঁ | forms.gle/ ANbRX82hJjb9iWcc6 | - |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
|---|---|---|---|---|---|---|
| **অর্থবছরঃ ২০১৯-২০** | | | | | | |
| **ক্রমিক নং** | **ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা/আইডিয়ার নাম** | **সেবা/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ** | **সেবা/আইডিয়াটি কার্যকর আছে কি-না/ না থাকলে কারণ** | **সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি-না** | **সেবার লিংক** | **মন্তব্য** |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ০১. | বিজিডিসিএল-এ ঠিকাদার ব্যবস্থাপনা সিস্টেম চালুকরণ। | বিজিডিসিএল এর বিভিন্ন শ্রেণির গ্রাহকদের গ্যাস সংযোগ সংক্রান্ত কাজে ১.১ এবং ১.২ শ্রেণির কন্ট্রাকটর লাইসেন্স বর্তমানে সফটওয়্যারের মাধ্যমে অনলাইনে কন্ট্রাকটরদের নিকট হতে আবেদন গ্রহণ করা হচ্ছে। আবেদন যাচাই-বাছাই এবং লাইসেন্স প্রাপ্তির শর্তাবলী যথাযথভাবে সফটওয়্যারের মাধ্যমে মূল্যায়ন করে সফটওয়্যারের মাধ্যমে লাইসেন্স প্রদান করা হয়। উল্লেখ্য, সফটওয়্যারের মাধ্যমে কন্ট্রাকটরদের ডিমান্ড নোট প্রদান, পেমেন্ট হিস্টরী সংরক্ষণসহ কন্ট্রাকটরদের মালামাল, জনবল, কাজের অভিজ্ঞতা ইত্যাদি সংক্রান্ত তথ্যাদি সফটওয়্যারের মাধ্যমে সংরক্ষণ করা হয়। | হ্যাঁ | হ্যাঁ | 103.205.180.156:100 | |
| ০২. | আরপিজিসিএল-এর সিএনজি স্টেশনে অনলাইনে সিএনজি বিল পরিশোধ ব্যবস্থা প্রবর্তন। | গ্রাহকগণ সিএনজি নেবার পরে সিস্টেম হতে আটো জেনারেটেড বিল-স্লিপে বর্ণিত সিএনজির পরিমাণ অনুসারে প্রদেয় টাকা ডেবিট/ক্রেডিট কার্ড, মোবাইল ব্যাংকিং যেমন বিকাশ, রকেট ইত্যাদির মাধ্যমে বিল পরিশোধ করতে পারবে। অটো বিল-স্লিপের দরুন চালক অথবা অন্য যেকোন ব্যক্তি অতিরিক্ত বিল তৈরি করতে পারবে না বিধায় মালিক/প্রতিষ্ঠানের অর্থ সাশ্রয় হবে ও ক্যাশ বহন ব্যতীত ডেবিট/ক্রেডিট কার্ড ও মোবাইল ব্যাংকিং ব্যবহার করে পেমেন্ট করা সম্ভব হয়। | হ্যাঁ | হ্যাঁ | প্রযোজ্য নয় | |

29.09.2023